

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭০৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

بَابُ الْجُلُوْسِ وَالنَّوْمِ وَالْمَشْي

আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِفَنَاء الْكَعْبَة مُحْتَبِيًا بيدَيْهِ. رَوَاهُ البُخَارِيّ

বাংলা

8৭০৭-[১] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পবিত্র কা'বাহ্ গৃহের চত্বরে দেখলাম যে, তিনি নিজের দু' হাত উভয় পায়ের গোছা (হাঁটু খাড়া করে) পরিবেষ্টন করেছিলেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬২৭২, সিলসিলাতুস্ সহীহাহ্ ৮২৬, আল মু'জামুল আওসাত্ব ৯৪১৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬১২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আলোচ্য হাদীসে (فَنَاءِ الْكَعْبَة) দ্বারা কি উদ্দেশ্য করা হয়েছে তা নিয়ে মুহাদ্দিসগণের নিকট মতবিরোধ রয়েছে। তা নিম্নে বর্ণনা করা হলো :

১. ফাতহুল বারীর প্রণেতা ইবনু হাজার 'আসকালানী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ কা'বার সামনে দিককে বুঝানো হয়েছে। ২. মুল্লা 'আলী কারী (রহিমাহুল্লাহ) বলেন, কা'বার সম্মুখস্থ প্রশস্ত স্থান। ৩. মিরক্বাতুল মাফাতীহ প্রণেতার মতে, কা'বার সামনে প্রশস্ত আঙ্গিনাকে বুঝানো হয়েছে। ৪. কারো কারো মতে কা'বার চারদিকে প্রশস্ত স্থানকে বুঝানো হয়েছে।

(مُحْتَبِيًا بِيدَيْهِ) দ্বারা উদ্দেশ্য : ইহতিবা বলা হয়, দু' হাঁটু উপরে তুলে, উরুকে পেটের সাথে মিলিয়ে দু' হাত দিয়ে



নলা জড়িয়ে ধরে নিতম্বের ওপর বসা। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বদা এভাবে বসতেন না। এ হাদীস দ্বারা ইহতিবা বৈধতা প্রমাণিত হয়। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন